দামুড়হুদা উপজেলা প্রশাসনের মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-২০২১ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজন মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-২০২১ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত।

গতকাল বেলা ১১ টার সময় দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও আওয়ামীলীগ নেতা আলী মুনছুর বাবু, প্রধান অতিথি বলেন মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-২০২১ উদযাপন উপলক্ষে আমরা ব্যাপকতার সাথে পালন করবো, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাকে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা একটি ডিজিটাল, ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়তে সক্ষম হয়েছে, আজ সারা বিশ্বে বাংলাদেশ ও বাঙালী জাতিকে মানুষ চেনে, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশের মাতৃভাষা বাংলাকে আন্তর্জাতিক মাতৃভাষার স্বীকৃতি লাভ করিয়েছেন।

মহান বিজয় দিবস ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-২০২১ উদযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার বলেন, দামুড়হুদা উপজেলা প্রশাসন সহ সকল সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, বীরমুক্তিযোদ্ধা, এনজিও, প্রেসক্লাব, স্কুল, কলেজ, মাদ্রাসা সহ সর্বসাধারণের উপস্থিতিতে দামুড়হুদা উপজেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান মোছাঃ সাহিদা খাতুন, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ, উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ জামাল শুভ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন, আব্দুল ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন,

উপজেলা মহিলা কর্মকর্তা হোসনে আরা ববি, উপজেলা সমবায় অফিসার মোঃ হারুন-অর-রশিদ, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন কর্মকর্তা মোঃ ইসহাক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী, দর্শনা থানা অফিসার ইনচার্জ এম লুৎফুল কবীর, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার সাবেক) বীরমুক্তিযোদ্ধা আছির উদ্দীন, বীরমুক্তিযোদ্ধা তমছের আলী, দামুড়হুদা সদর ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাংবাদিক হাবিবুর রহমান, আলী আজগর সোনা, হাবিবুর রহমান হাবীব, শমসের আলী, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতা-কর্মী সহ স্থানীয় সুধী মহল।

গাংনীতে শ্যালক দম্পতির ঝগড়া থামাতে গিয়ে দুলাভাইয়ের মত্যু!

শ্যালক দম্পত্তির ঝগড়া থামাতে গিয়ে হার্ট এ্যাটাক করে মারা গেলেন হাসমত আলী (৬২) নামের এক ব্যাক্তি।
মঙ্গলবার সকাল ১০টার দিকে মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামে এ মর্মান্তিক এ ঘটনা ঘটেছে। হাসমত আলী কাজীপুর গ্রামের বুড়িপুঁতাপাড়ারর মৃত গোলজার হোসেনের ছেলে। এ ঘটনায় পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মেহেরপুর জেনারেল মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে।
স্থানীয়রা জানান, সকালের দিকে ওই ব্যাক্তির শ্যালক হাফিজুল ইসলাম ও তার স্ত্রী মমতাজ খাতুন পারিবারিক বিষয় নিয়ে ঝগড়া করছিলেন। এসময় হাসমত আলী তাদের দুজনকে ঝগড়া থামাতে বলেন। এক পর্যায়ে সে নিজেই অসুস্থ হয়ে মারা যান।
প্রতিবেশী স্কুল শিক্ষক তানজুমান হক ও স্থানীয় চৌকিদার মহিবুল ইসলাম অভিন্ন ভাবে জানান, শ্যালক দম্পত্তির ঝগড়া থামাতে গিয়ে তিনি হার্ট এ্যাটাক করে ঘটনাস্থলেই মারা গেছেন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, সন্দেহ থাকায় ওই ব্যাক্তির মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য

মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পরাজিত মেম্বার প্রার্থীর কলা ক্ষেত কাটার অভিযোগ

নির্বাচনী দ্বন্দের জেরে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের পরাজিত সদস্য প্রার্থী ও সাবেক সদস্য শরিফুল ইসলামের ১৮ কাঠা জমির কাঁধিসহ চারশ কলা গাছ কাটার অভিযোগ উঠেছে বিজয়ী প্রার্থীর কর্মীদের বিরুদ্ধে।

সোমবার দিবাগত রাতের কোন এক সময় দূর্বৃত্তরা এ ঘটনা ঘটিয়েছে। ক্ষতিগ্রস্থ শরিফুল ইসলাম বুড়িপোতা গ্রাম আওয়ামীলীগের সভাপতি ও সদর উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হিসেবে দায়িত্বে রয়েছেন। তিনি তিন বারের নির্বাচিত সদস্য ছিলেন।

সাবেক সদস্য শরিফুল ইসলাম জানান, গ্রামের পাশেই নাপাকাটা মাঠে ১৮ কাঠা জমিতে কলার চাষ করেছি। বর্তমানে ওই জমির ৪শ কলা গাছে কাঁধি এসেছে। গতরাতের কোনো এক সময় দূর্বৃত্তরা কলাগাছগুলো কেটে তছরুপ করেছে। মঙ্গলবার সকালে কৃষকরা মাঠে এসে কলাগাছের জমির সকল গাছই কাটা দেখতে পেয়ে আমাকে খবর দেন। এতে তার তিন লক্ষাধীক টাকার ক্ষতি হয়েছে।

তিনি অভিযোগ করে বলেন, বুড়িপোতা ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের তিন বারের সদস্য আমি। এবারের নির্বাচনে ফুটবল মার্কা প্রতিকে ৯৯৯ ভোট পেয়েছি। আমার প্রতিপক্ষ জাহাঙ্গীর আলম টিউবওয়েল মার্কা প্রতিকে ১৭১২ ভোট পেয়ে সদস্য নির্বাচিত হয়েছেন। সদস্য নির্বাচিত হওয়ার পর গতকাল থেকেই জাহাঙ্গীর আলমের কর্মী মিনারুল ইসলাম, সিরাজুল ইসলাম, সুমন, মোহন, সালাম, একরামুল হক, আব্দুল জাব্বার, সদরুল ইসলাম, মহিদুল ইসলাম, সিরাজুল ইসলাম আমাকে বিভিন্নভাবে হুমকী ধামকি দিচ্ছিলেন জাহাঙ্গীরের কর্মীরা। তারাই

আমার কলাগাছ কেটেছে। আমি তাদের বিরুদ্ধে থানায় মামলা করার প্রস্তুতি নিচ্ছি।

তবে অভিযুক্ত বিজয়ী সদস্য জাহাঙ্গীর আলম বলেন, আমাকে সমাজে হেয় প্রতিপন্ন করার জন্য আমার কর্মী সমর্থকদের নাম জড়ানো হয়েছে। আমি এ ঘটনার সুষ্ঠ তদন্ত দাবি করছি। এ ঘটনায় যারাই জড়িত থাক না কেন তাদের শাস্তি আমিও দাবি করছি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান কলাগাছ কাটার বিষয়ে সত্যতা নিশ্চিত করে বলেন, খবর পেয়ে পুলিশের একটি দল ঘটনাস্থলে পাঠানো হয়েছে। জমির মালিকের অভিযোগের ভিত্তিতে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে ভোক্তা অধিকার সংরক্ষন আইন অবহিতকরন সভা অনুষ্ঠিত

মেহেরপুর গাংনীতে ভোক্তা অধিকার সংরক্ষন আইন অবহিতকরন সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০টায় উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম । উপজেলা প্রশাসন আয়োজিত অবহিতকরন সভায় প্রধান অথিতি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

অনুষ্ঠানে বিষেশ অথিতি ছিলেন গাংনী পৌর মেয়র আহাম্মেদ আলী,উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন। এসময় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রতিনিধিসহ স্থানীয় সাংবাদিকবৃন্দরা উপস্থিত ছিলেন।

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

বলেন, আগামীতে ইউনিয়নবাসীর সুখে দুখে পাশে থেকে তাদের কল্যানে কাজ করে যাবে। তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে সতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে চশমা মার্কা প্রতীক নিয়ে নির্বাচনে অংশ নিয়েছিলেন মু. আলম হুসাইন।

উল্লেখ্য, তৃতীয় ধাপে অনুষ্ঠিত (২৮ নভেম্বর) ইউনিয়ন পরিষদ নির্বাচনে গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়ন পরিষদে দ্বিতীয়বারের মত চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হন মু. আলম হুসাইন।

কালীগঞ্জে নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান এর বিরুদ্ধে ঝাড়ু মিছিল

ঝিনাইদহের কালীগঞ্জে নব-নির্বাচিত এক চেয়ারম্যানের বিরুদ্ধে এলাকার মানুষ ঝাটা মিছিল ও বিক্ষোভ সমাবেশ করেছে। সোমবার বিকালে খামারমুন্দিয়া গাজেম আলী দাখিল মাদরাসার সামনে উপজেলার ৭নং রায়গ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন অপুর বিরুদ্ধে এই ঝাটা মিছিল ও বিক্ষোভ করেন তারা।

এর আগে তারা সেখানে শত শত গ্রামবাসির উপস্থিতিতে বিক্ষোভ সমাবেশে করে। এসময় উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারন সম্পাদক ইসরাইল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, মাসুদুর রহমান, যুবলীগ নেতা হাবিবুর রহমান, জাকির হোসেন ও সাবেক ইউপি চেয়ারম্যান জহুরুল ইসলামসহ অনেকে।

মারপিটের শিকার তুহিন রেজা জানান, রবিবার সন্ধ্যায় তৃত্বীয় ধাপে অনুষ্ঠিত ইউপি নির্বাচনে উপজেলার ৭ নং রায়গ্রাম ইউনিয়নের ১ নং ওয়ার্ডের পুরুষ মেম্বর পদে ভোটের ফলাফলে টিউবয়েল প্রতিকের প্রার্থী নজরুল ইসলাম ফেল করে। এতে সে ক্ষিপ্ত হয়ে লোকজন নিয়ে রাত ৭ টার দিকে বিজয়ী ফুটবল প্রতিকের প্রার্থী ইসমাইল হোসেনের কর্মীদের উপর হামলা চালায়। এ সময় আমি সহ আমাদের কয়েকজনকে মারধর ও দুইটি বোমার বিস্ফোরন ঘটায় তারা। এসময় অভিযোগ করা হয়

চেয়ারম্যান অপু নিজে ঘটনাস্থলে উপস্থিত থেকে মারপিট ও বোমার বিস্ফোরণ ঘটায়।

ওইদিন রাতেই এলাকাবাসি এ ঘটনার প্রতিবাদে ঢাকা -খুলনা মহাসড়ক অবরোধ করে। খবর পেয়েই পুলিশ ও কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত সুষ্ট করে বিচারের আশ্বাস দিলে আধাঘন্টা পর এলাকাবাসী অবরোধ তুলে নেয়।

চেয়ারম্যান আলী হোসেন অপু জানান, ঘটনার সময় আমি সেখানে ছিলাম না। তবে আমার ছেলেরা একজনকে চড় মারাকে কেন্দ্র করে সেখানে উত্তেজনার সৃষ্টি হয়। সংবাদ পেয়ে আমি সেখানে উপস্থিত হয়ে পরিস্থিতি ঠান্ডা করে সবাইকে বাড়ি পাঠিয়ে দিই। এরপর রাতেই আমার প্রতিপক্ষের কয়েকজনের প্ররোচনায় তারা রাস্তা আটকে বিক্ষোভ করে। আজ আবার তারা সমাবেশ করেছে। এটা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র ছাড়া আর কিছুই নয়।

এ বিষয়ে কালীগঞ্জ থানার ওসি মাহফুজুর রহমান মিয়া জানান, ভোট পরবর্তি হামলার ঘটনার সংবাদ পেয়েই তিনি ফোর্স নিয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত করেন। তবে এখন পর্যন্ত কোন পক্ষই থানাতে কোন অভিযোগ দেয়নি বলে জানান তিনি।

দর্শনা দক্ষিণ চাঁদপুরে দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা দক্ষিণ চাঁদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে দুই কেজি গাঁজা উদ্ধার করেছে পুলিশ। এসময় মাদক ব্যবসায়ী সালাউদ্দিন কাজল
(৩৫) ও আমেনা খাতুন (৪৫) নামের নারী মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।

সোমবার দুপুর দেড়টার দিকে গোপন সংবাদের ভিত্বিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইস,এম লুৎফুল কবীরের নের্তৃত্বে থানার এসআই সুমন্ত বিশ্বাস, এএসআই কাজী আব্দুল মান্নান, এএসআই আবু বক্কর সিদ্দিক সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে

দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের জনৈকা রবিউল ইসলামের স্ত্রী নাজিরা খাতুনের বসত বাড়ির উওর পাশে গলির ভিতর।

এসময় উক্ত স্থান হতে ভারতীয় ২ কেজি গাঁজা উদ্ধার সহ সালাউদ্দিন কাজল (৩৫) ও আমেনা খাতুন (৪৫) নামের দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত সালাউদ্দীন কাজল দর্শনা দক্ষিণ চাঁদপুর গ্রামের টাওয়ার পাড়ার মৃত আব্দুর রহমান ও মোছাঃ আয়েশা খাতুনের ছেলে ও আমেনা খাতুন একই গ্রামের রেললাইন পাড়ার রশিদুল ইসলামের স্ত্রী ও সুরাপ হোসেন এবং বানুর মেয়ে। এঘটনায় গ্রেফতারকৃত সহ আরও ২ জনকে পলাতক আসামীদের বিরুদ্ধে দর্শনা থানায় মামলা রুজু প্রক্রিয়াধীন।

কালীগঞ্জে অজ্ঞাত নারীর মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কালীগঞ্জে রেললাইনের পাশ থেকে অজ্ঞাত নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার সকালে মোবারকগঞ্জ-যশোহর রেললাইনের রঘুনাথপুর এলাকার ২৭ নম্বর ব্রীজের পাশে মরদেহটি পড়ে থাকতে দেখে স্থানীয়রা পুলিশকে খবর দেয়।

পরে রেল পুলিশ ঘটনাস্থলে এসে তার মরদেহ উদ্ধার করে নিয়ে যায়। তবে দুপুর পর্যন্ত তার কোন পরিচয় পাওয়া যায়নি। স্থানীয়দের ধারনা মৃত নারী মানুষিক প্রতিবন্ধি হতে পারে। রাতের কোন এক সময় ট্রেনের ধাক্কায় হয়ত মারা যেতে পারে। তার মুখ ক্ষত বিক্ষত হয়ে পড়ে ছিল।

মোবারকগঞ্জ স্টেশন মাস্টার শাহজাহান আলী জানান, আমি দ্বায়িত্বে ছিলাম না, এই মাত্র যোগ দিলাম। কাজে যুক্ত হওয়ার পরই জানতে পেরেছি ঘটনাস্থল থেকে রেল পুলিশ মরদেহ উদ্ধার করে নিয়ে গেছে। তবে কিভাবে মারা গেছে তা বলতে পারবো না।

যশোর জিআরপি পুলিশ ফাঁড়ির এস আই শহিদুল ইসলাম বলেন, আমরা খবর পেয়ে ঘটনাস্থলে যায়। দুপুর দেড়টার সময় এক অজ্ঞাত যুবতী ৩০-৩৫ বয়সের মেয়ের লাশ উদ্ধার করে ময়না তদন্তে যশোর ২৫০ শয্যা

হাসপাতলের মর্গে প্রেরণ করা হয়েছে। প্রাথমিক ভাবে আমরা ধারণা করছি সে মানষিক ভারসাম্যহীন, বাকি টা পরে জানা যাবে।

গাংনীতে ভূয়া এনএসআই সদস্যকে গণপিটুনি দিয়ে পুলিশে সোপর্দ

জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা(এনএসআই) পরিচয়ে চাকুরী দেয়ার নাম করে মোটা অংকের টাকা হাতিয়ে নেওয়ার অফিযোগে নুরুল আমিন
(৪২) নামের এক ব্যক্তিকে আটক গণপিটুনি দিয়ে পুলিশে দিয়েছে স্থানীয়রা। আজ সোমবার (২১নভেম্বর) দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব পুকুরপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। নুরুল আমিন মেহেরপুর সদরের খন্দকারপাড়ার আব্দুল হকের ছেলে।

স্থানীয়রা জানায়, এনএসআই পরিচয়ে নুরুল আমিনের সাথে গাড়াডোব গ্রামের পুকুরপাড়ার হামিদুল ইসলামের ছেলে সুমনের সখ্যতা গড়ে ওঠে। এক পর্যায়ে নুরুল আমিন এনএসআই সদস্য পদে চাকুরী দেওয়ার প্রলোভনে বিভিন্ন সময়ে ৪ লাখ ৬০ হাজার টাকা হাতিয়ে নেয়। চাকরী না হওয়ায় ও নুরুল আলমের গতিবিধি সন্দেহজনক মনে হওয়ায় মেহেরপুর এলাকায় তার খোঁজ নিয়ে ভুয়া এসএসআই পরিচয় জানতে পারে সুমনের পরিবার। মেহেরপুর আলাদত পাড়া থেকে ওই প্রতারককে কৌশলে ডেকে নেয়া হয়। এসময় তার পরিচয়পত্র বা প্রমাণ দেখাতে বলেন। পরিচয় দেখাতে ব্যর্থ হলে তাকে গণপিটুনী দিয়ে পুলিশে সোপর্দ করে স্থানীয়রা।

মেহেরপুর এনএসআই অফিসের সহকারি পরিচালক আতিকুর রহমান জানান, নুরুল আমিন নামের কোনো ব্যাক্তি এখানে কর্মরত নেই। এরা এক ধরনের প্রতারক। সাধারণ মানুষকে এদের সম্পর্কে সচেতন হওয়া উচিৎ। মানুষ সচেতন হলে এই সকল প্রতারকরা কারো সাথে প্রতারণা করার সুযোগ পাবেনা। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, ভূয়া এনএসআই সদস্য আটক করা হয়েছে। তথ্য যাচাই করা হচ্ছে। তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি চলছে।